# BANGALJHI RAMKRISHNA ASHRAM HIGH SCHOOL (H.S)

**Sankalpa – 2026**

**Class-X** **Subject-Geography** **F.M – 90**

**Time – 3 Hours 15 mins.**

---

**১. বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :-** **(১ x ১৪ = ১৪)**

১.১ আটলান্টিক মহাসাগরে নিরক্ষরেখার উত্তরে প্রবাহিত একটি উষ্ণ স্রোত হল-

ক) ক্যানারি স্রোত খ) নিরক্ষীয় প্রতিস্রোত

গ) ক্যালিফোর্নিয়া স্রোত ঘ) উত্তর আটলান্টিক স্রোত

১.২ জৈব বর্জ্য থেকে যে গ্যাস পাওয়া যায় সেটি হল-

ক) কার্বন-অক্সাইড খ) এল. পি. জি.

গ) বায়োগ্যাস ঘ)অ্যামোনিয়া

১.৩ পশ্চিমবঙ্গে পেট্রোকেমিক্যাল শিল্প কেন্দ্র অবস্থিত-

ক) কলকাতায় খ) হলদিয়ায়

গ) হাওড়ায় ঘ) দীঘায়

১.৪ হীরক চতুর্ভুজ পরিকল্পনাটি যে পরিবহন ব্যবস্থা সঙ্গে যুক্ত সেটি হল-

ক) সড়ক পথ খ) রেলপথ

গ) বিমানপথ ঘ) জলপথ

১.৫ উত্তর ভারতের সমভূমি অঞ্চলে নদী উপত্যকার পুরনো পলিমাটিকে বলে-

ক) ভাঙার খ) খাদার

গ) বেট ঘ) ভূর

১.৬ মরুভূমি শুষ্ক নদী খাতকে কী বলে?

ক) হামাদা খ) বাজাদা

গ) বোলসন ঘ) ওয়াদি

১.৭ নীলগিরি পর্বতে সর্বোচ্চ শৃঙ্গ হল-

ক) আনাইমুদি খ) দোদাবেতা

গ) কলসুবাই ঘ) কার্ডামাম

১.৮ ভারত থেকে প্রেরিত কৃত্রিম উপগ্রহ হল-

ক) IRS খ) LANDSAT

গ) SPOT ঘ) Station

১.৯ ২০১১ সালের আদমশুমারি অনুসারে ভারতের সর্বনিম্ন জনঘনত্ব বিশিষ্ট রাজ্যটি হল-

ক) অরুণাচল প্রদেশ খ) মধ্যপ্রদেশ
গ) চণ্ডীগড় ঘ) সিকিম

১.১০ পর্যায়ান শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন-
ক) গিলবার্ট খ) হপকিংস
গ) হান্টিংটন ঘ) ডেভিস

১.১১ ভারতের সিলিকন ভ্যালি হল-
ক) ব্যাঙ্গালুরু খ) চেন্নাই
গ) হায়দ্রাবাদ ঘ) কলকাতা

১.১২ বিশ্বের বৃহত্তম মগ্নচড়া হল-
ক) গ্র্যান্ড ব্যাঙ্ক খ) গ্রিন ব্যাঙ্ক
গ) স্যাডল ব্যাঙ্ক ঘ) নিউ ফাউন্ডল্যান্ড

১.১৩ শ্রীনগর ও লে র মধ্যে অবস্থিত গিরিখাত হল-
ক) বুর্জিলা খ) জোজিলা
গ) খারদুংলা ঘ) জেলেভরা

১.১৪ ভারতে কার্পাস গবেষণাগার অবস্থিত-
ক) জোড়হাট খ) নাগপুর
গ) আমেদাবাদ ঘ) কোয়েম্বাটুর

১.১৫ বায়ুপ্রবাহে বাহিত ছোটো শিলাখণ্ডের পারস্পরিক ঠোকাঠুকিকে বলে-
ক) অপসারণ খ) ঘর্ষণ
গ) অবঘর্ষ ঘ) উপলেপন

## বিভাগ-খ

**২.১ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর (যেকোনো ছয়টি)** **(১x৬=৬)**

২.১.১ গুজরাটের কচ্ছ ও কাথিয়াবাড়ের মধ্যে রয়েছে ___________ উপসাগর।
২.১.২ Remote Sensing কথাটি চালু হয় ___________ সালে।
২.১.৩ ___________ স্তরকে প্রাকৃতিক সৌরপর্দা বলা হয়।
২.১.৪ ___________ বায়ুকে 'তুষার ভক্ষক' বলা হয়।
২.১.৫ উদীয়মান শিল্প বলা হয় ___________ শিল্পকে।
২.১.৬ ___________ ভারতের সর্বাধিক জনবহুল শহর।
২.১.৭ লোকটাক হ্রদ ___________ রাজ্যে অবস্থিত।

**২.২ নীচের প্রশ্নগুলো শুদ্ধ অথবা অশুদ্ধ নির্বাচন করে লেখ:- (যেকোন ছয়টি)** **(১x৬=৬)**

২.২.১ মৌক্তিক মেঘ বা শক্তি মেঘ দেখা যায় স্ট্র্যাটোস্ফিয়ারে।
২.২.২ ভূমধ্যসাগরীয় অঞ্চলের সাধারণত গ্রীষ্মকালে বৃষ্টিপাত হয়।
২.২.৩ ভারতের বৃহত্তম লেগুন হল চিলকা।

২.২.৪ বৃষ্টির জল সংরক্ষণ বাধ্যতামূলক করার কাজে মহারাষ্ট্র ভারতে প্রথম রাজ্য।
২.২.৫ পর্বতের অনুবাদ ঢালে বৃষ্টিচ্ছায় অঞ্চল সৃষ্টি হয়েছে।
২.২.৬ হরিয়ানাতে নারী পুরুষের অনুপাত 1084 : 1000 জন।
২.২.৭ ভার হ্রাসমান শিল্পগুলো কাঁচামাল উৎপাদক অঞ্চলের কাছাকাছি গড়ে ওঠে।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও:- (যেকোন ছয়টি)** **(১x৬=৬)**

২.৩.১ উপগ্রহ চিত্র তৈরিতে কোন প্রযুক্তি ব্যবহার করা হয় ?
২.৩.২ গঙ্গার সমভূমির নবীন পলিযুক্ত অঞ্চলকে কি বলে ?
২.৩.৩ ট্রাক ফার্মিং শব্দটি কোন কৃষি ব্যবস্থার সঙ্গে যুক্ত ?
২.৩.৪ ম্যাকমোহন লাইন কোন দুটি দেশের সীমানারেখা ?
২.৩.৫ ভারতের সর্বনিম্ন জনঘনত্ববিশিষ্ট রাজ্য কোনটি ?
২.৩.৬ রাজ্য পুনর্গঠনের প্রধান ভিত্তি কি ?
২.৩.৭ পশ্চিমঘাট পর্বতমালার দক্ষিণতম গিরিপথটির নাম কি ?

**২.৪ বাম দিকের সঙ্গে ডানদিকে স্তম্ভ মিলিয়ে লেখো :-** **(১x৪=৪)**

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ বন্যা প্রবণ রাজ্য | ১. অন্ধ্রপ্রদেশ |
| ২.৪.২ রেলের বগি নির্মাণ কেন্দ্র | ২. মহারাষ্ট্র |
| ২.৪.৩ বৃহত্তম জাহাজ নির্মাণ কেন্দ্র | ৩. অসম |
| ২.৪.৪ ডেকানট্রাপ | ৪. পেরাম্বুর |

## বিভাগ-গ

**৩. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও। (বিকল্প প্রশ্নগুলি লক্ষ্যণীয়)** **(২x৬=১২)**

৩.১ হিমরেখা কি? অথবা ইনসেলবার্জ কাকে বলে?

৩.২ বান ডাকা কাকে বলে? অথবা সমচাপ রেখা কাকে বলে?

৩.৩ ভার্মি কম্পোস্টিং কাকে বলে? অথবা ইউট্রোফিকেশন কাকে বলে?

৩.৪ মৌসুমী বিস্ফোরণ কি? অথবা আউটসোর্সিং কি?

৩.৫ দূর সংবেদন কাকে বলে? অথবা ট্রপোগ্রাফিক্যাল মানচিত্র কি?

৩.৬ সোনালী চতুর্ভুজ কি? অথবা অর্থকরী ফসল কাকে বলে?

## বিভাগ-ঘ

**৪. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলো লক্ষ্যণীয়)** **(৩x৪=১২)**

৪.১ ঘূর্ণিঝড় ও প্রতীপ ঘূর্ণিঝড়ের মধ্যে পার্থক্য লেখ। অথবা মানুষের উপর ওজোন স্তর বিনাশের তিনটি প্রভাব লেখ।

৪.২ পরিবেশের উপর বর্জ্য পদার্থের তিনটি প্রভাব সংক্ষেপে আলোচনা কর। অথবা বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীর ভূমিকা সংক্ষেপে আলোচনা কর।

৪.৩ ভারতের সড়ক পথ ও রেলপথের প্রতিটি তিনটি করে সুবিধা আলোচনা কর। অথবা ভারতের জল সেচের প্রয়োজনীয়তা কি?

৪.৪ ভূবৈচিত্রসূচক মানচিত্র ও উপগ্রহ চিত্রের মধ্যে তিনটি পার্থক্য লেখ। অথবা জিও স্টেশনারি ও সান সিনক্রোনাস উপগ্রহের মধ্যে পার্থক্য লেখ।

## <u>বিভাগ-ঙ</u>

**৫.৫.১ নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও** **(৫x২=১০)**

৫.১.১ শুষ্ক অঞ্চলে বায়ু ও জলধারার মিলিত কার্যের ফলে সৃষ্ট ভূমিরূপ গুলির বর্ণনা দাও।

৫.১.২ বায়ুর উষ্ণতা তারতম্যের প্রধান তিনটি কারণ চিত্রসহ লেখ।

৫.১.৩ যেকোনো দুই প্রকার বৃষ্টিপাতের চিত্রসহ বর্ণনা দাও।

৫.১.৪ সমুদ্র স্রোত সৃষ্টির কারণগুলি ব্যাখ্যা কর।

**৫.২ নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও** **(৫x২=১০)**

৫.২.১ প্রস্থ বরাবর হিমালয়ের শ্রেণীবিভাগ কর।

৫.২.২ ইক্ষু উৎপাদনের অনুকূল পরিবেশ বর্ণনা করো।

৫.২.৩ পশ্চিম ভারতের পেট্রোরসায়ন শিল্পের কেন্দ্রীভবনের কারণ লেখ।

৫.২.৪ ভারতের পরিবহন ব্যবস্থা গুরুত্ব লেখো।

## <u>বিভাগ-চ</u>

**৬. ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করে ম্যাপটি উত্তরপত্রের সাথে জুড়ে দাও:** **(১x১০=১০)**

- ৬.১ সাতপুরা পর্বত
- ৬.২ লুনি নদী
- ৬.৩ করমন্ডল উপকূল
- ৬.৪ ভারতের সিলিকন ভ্যালি
- ৬.৫ পূর্ব ভারতের একটি চা উৎপাদন কেন্দ্র
- ৬.৬ খাম্বাত উপসাগর
- ৬.৭ ইন্দিরা পয়েন্ট
- ৬.৮ পশ্চিম ভারতের একটি স্বাভাবিক বন্দর
- ৬.৯ ভারতের বৃহত্তম বিমানবন্দর
- ৬.১০ দক্ষিণ ভারতের ম্যানচেস্টার